Putting Citizens First

# উদ্ভাবনী উপায়ে বাল্যবিবাহ নিরোধ: মাঠ পর্যায়ে করণীয়

১৬ ফেব্রুয়ারি ২০১৮
রাজশাহী



মোঃ আবদুল হালিম
মহাপরিচালক
গভর্নেন্স ইনোভেশন ইউনিট
প্রধানমন্ত্রীর কার্যালয়



# মাননীয় প্রধানমন্ত্রীর অঙ্গীকার

| | |
|---|---|
| ১ | ২০২১ সালের মধ্যে ১৫ বছরের নীচে বাল্যবিবাহকে শূন্য করা |
| ২ | ২০২১ সালের মধ্যে ১৫-১৮ বছর বয়সের মধ্যে সংঘটিত বাল্যবিবাহের হারকে এক-তৃতীয়াংশে নামিয়ে আনা |
| ৩ | ২০৪১ এর মধ্যে বাল্যবিবাহ পুরোপুরি নির্মূল করা |

# ১৫ বছর এবং ১৮ বছরের কম বয়সীদের বিবাহের ধারা



# অন্যান্য দায়বদ্ধতা

- জাতিসংঘ ঘোষিত 'টেকসই উন্নয়ন অভীষ্ট-৫' এ লিঙ্গসমতা অর্জন এবং কন্যাশিশু ও নারীর ক্ষমতায়ন এর আওতায় লক্ষ্য- ৫.৩ এ শিশুবিবাহ, বাল্যবিবাহ, জোরপূর্বক বিবাহ নির্মূলকরণ এর বিষয়টি উল্লেখ রয়েছে।
- মুসলিম (বিবাহ ও তালাক নিবন্ধন) আইন ১৯৭৪
- হিন্দু বিবাহ নিবন্ধন আইন,২০১২
- বাল্যবিবাহ নিরোধ আইন ,২০১৭
- নারী নীতি ২০১১১
- সার্বজনীন মানবাধিকার সনদ ১৯৪৮-তে বিবাহের ক্ষেত্রে স্বেচ্ছায়, পূর্ণ সম্মতি দানের অধিকারকে স্বীকার করে বলা হয়েছে, 'একটি সিদ্ধান্ত গ্রহণের জন্য ব্যক্তিকে অবশ্যই মানসিকভাবে পরিপক্ক হতে হবে

# বাল্যবিবাহ নিরোধ আইন, ২০১৭ বিষয়ে পর্যবেক্ষণ

বাল্যবিবাহ রোধকল্পে বিদ্যমান CHILD MARRIAGE RESTRAINT ACT, 1929 সরকারের সদিচ্ছা থাকা সত্ত্বেও বাংলাদেশ থেকে বাল্যবিবাহকে পরিপূর্ণরূপে নির্মূল করা সম্ভব হয়নি।

পূর্বের আইনের সীমাবদ্ধতা অপনোদনের জন্য Child Marriage Restraint Act, 1929 রহিতপূর্বক বাল্যবিবাহ নিরোধ আইন, ২০১৭ প্রণয়ন করা হয়েছে।

# আইনের উল্লেখযোগ্য বিধানসমূহ:

- বাল্যবিবাহ প্রতিরোধ কমিটি গঠন (ধারা-৩)
- কতিপয় সরকারি কর্মকর্তা ও স্থানীয় সরকারের প্রতিনিধিকে বাল্যবিবাহ বন্ধের সাধারণ ক্ষমতা প্রদান (ধারা-৪)
- আদালত কর্তৃক বাল্যবিবাহের উপর নিষেধাজ্ঞা আরোপের ক্ষমতা (ধারা-৫)
- বাল্যবিবাহ করার শাস্তি বৃদ্ধি (ধারা-৭)
- বাল্যবিবাহ সংশ্লিষ্ট পিতা-মাতাসহ অন্যান্য ব্যক্তির শাস্তি বৃদ্ধি (ধারা-৮)
- বাল্যবিবাহ সম্পাদন বা পরিচালনা করার শাস্তির বিধান (ধারা-৯)
- বাল্যবিবাহ নিবন্ধনের জন্য বিবাহ নিবন্ধকের শাস্তি ও লাইসেন্স বাতিলের বিধান (ধারা ১১)
- আইনে শাস্তি হিসেবে নারী পুরুষ উভয়ের জন্য কারাদন্ডের বিধান (ধারা ৫-৮)
- বিবাহ সম্পাদনে পাত্রপাত্রীর বয়স নিশ্চিত করার আইনগত দলিলের বিবরণ (ধারা ১২)

# সরকারি কর্মকর্তা ও স্থানীয় সরকারের প্রতিনিধিদের বাল্যবিবাহ বন্ধে সাধারণ ক্ষমতা (৪ ধারা)

“উপজেলা নির্বাহী কর্মকর্তা, নির্বাহী ম্যাজিস্ট্রেট, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, উপজেলা প্রাথমিক বা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা ,থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা বা স্থানীয় সরকারের কোন প্রতিনিধি কোন ব্যক্তির লিখিত বা মৌখিক আবেদন অথবা অন্য কোন মাধ্যমে সংবাদ প্রাপ্ত হইলে তিনি উক্ত বিবাহ বন্ধ করিবেন”

বিবাহ বন্ধের প্রক্রিয়া

# বিশেষ বিধান – ধারা : ১৯

১৯। বিশেষ বিধান।—এই আইনের অন্যান্য বিধানে যাহা কিছুই থাকুক না কেন, বিধি দ্বারা নির্ধারিত কোন বিশেষ প্রেক্ষাপটে অপ্রাপ্ত বয়স্কের সর্বোত্তম স্বার্থে, আদালতের নির্দেশ এবং পিতা-মাতা বা প্রযোজ্য ক্ষেত্রে অভিভাবকের সম্মতিক্রমে, বিধি দ্বারা নির্ধারিত প্রক্রিয়া অনুসরণক্রমে, বিবাহ সম্পাদিত হইলে উহা এই আইনের অধীন অপরাধ বলিয়া গণ্য হইবে না।

Putting Citizens First

# বিশেষ বিধানের প্রেক্ষাপট

- বাল্যবিবাহের জন্য যৌক্তিকতা প্রতিষ্ঠা করে পিতামাতা, অভিভাবকদের আদালতের অনুমতি নিতে হবে।
- যে সকল কারণ উল্লেখ করে অনুমতি চাইতে হবে সে বিষয়ে সামাজিক সমর্থন সহজলভ্য নয়।
- আদালত উপজেলা নির্বাহী অফিসারের নেতৃত্বে গঠিত কমিটির সুপারিশ ব্যতীত কোন আবেদন আমলে নিবেনা।
- প্রকৃতপক্ষে, বিশেষ প্রেক্ষাপটে ভিকটিম শিশুর (বিশেষত কন্যা শিশুর) সামাজিক অবমূল্যায়ন রোধকল্পেই আইনের এই বিশেষ বিধান রাখা হয়েছে।
- বিশেষ অবস্থার প্রেক্ষাপটে অপ্রাপ্তবয়স্ককে রক্ষাকবচ প্রদানই বিশেষ বিধানের উদ্দেশ্য।

# বাল্যবিবাহ নিরোধে

# মুসলিম (বিবাহ ও তালাক ) নিবন্ধন আইন,১৯৭৪

- মুসলিম বিবাহ নিবন্ধন বাধ্যতামূলক- ৩ ধারা
- নিকাহ রেজিস্ট্রার কোন বিবাহ সম্পাদন করলে তাকে তা তাৎক্ষণিক নিবন্ধন করতে হবে- ৫(১) উপধারা
- নিকাহ রেজিস্ট্রার ব্যতীত অন্য কেউ বিবাহ সম্পাদন করলে বিবাহ সম্পাদনের ৩০ দিনের মধ্যে বরকে তা বিবাহ নিবন্ধককে অবহিত করতে হবে। বিবাহ নিবন্ধক তাৎক্ষণিক তা নিবন্ধন করবে -৫(২) ও ৩ উপধারা
- বিবাহ সম্পাদকের দায়িত্ব- কোন কারণে বিবাহ নিবন্ধকের অনুপস্থিতিতে কেউ বিবাহ পড়ালে তার দায়িত্ব হচ্ছে বিবাহ পড়ানোর ১৫ দিনের মধ্যে নিবন্ধককে অবহিত করা এবং বর-কনেসহ যে সকল ব্যক্তির বিবাহ নিবন্ধনের জন্য রেজিস্টারে স্বাক্ষর প্রয়োজন তাদেরসহ বিবাহ নিবন্ধকের নিকট উপস্থিত হয়ে নিবন্ধন সম্পন্ন করা - মুসলিম বিবাহ ও তালাক বিধিমালা২০০৯ এর ২২(৩) বিধি
- কোন নিকাহ রেজিস্টার পূর্ণ হয়ে গেলে , তা জেলা নিবন্ধকের কাছে জমা দিতে হবে – ১২ধারা

# উদ্ভাবন

প্রচলিত আইন, বিধি বিধানের পরিবর্তন ব্যতিরেকে কমখরচে, কমসময়ে এবং জনগণের হয়রানি কমায় এমন বিকল্প উপায়ে কোন সমস্যার সমাধান বা সেবা প্রদান। যে সমাধান ঝুঁকি থাকা সত্ত্বেও বিদ্যমান সেবার মানের উন্নতি ঘটায়।

Putting Citizens First

# পাত্রীর বয়স ১৮ বছরের কম

| | | |
|---|---|---|
| পাত্রী সুন্দরী | ছেলেরা টিজ করে | লেখাপড়ায় অমনোযোগী |
| লেখাপড়া করেনা | নদীভাংগা পরিবার | দরিদ্র/ এতীম/ কালো |
| নিরাপত্তার অভাব | পাত্র বিদেশে থাকে | ভাল পাত্র পাওয়া গিয়েছে |

প্রেমিকের সাথে বিবাহের জন্য জেদ ধরেছে

বিবাহের জন্য ২ দিন যাবৎ অনশন করছে

ছেলে মেয়েকে অশোভন অবস্থায় পাওয়া গিয়াছে

**এক্ষেত্রে-**

১। যারা বিবাহ পড়ান বা নিবন্ধন করেন তাদের দায়িত্ব কি?

২।অভিভাবক ও সমাজের দায়িত্ব কি?

৩। সরকারের বিভিন্ন সংস্থার দায়িত্ব কি?

# জিআইইউ এর গবেষণা অনুসারে বাল্যবিবাহের কারণ

- বিবাহের সহজ পদ্ধতি
- বিবাহ সম্পাদিত হলে বয়সের কারণে তা কোনভাবে অবৈধ বা বাতিল না হওয়া
- বিবাহের সময় প্রয়োজনীয় কাগজপত্রাদি যাচাই ও সংরক্ষণ না করা
- বিবাহের একটি বড় অংশ নিবন্ধিত না হওয়া
- সরকারি লাইসেন্সপ্রাপ্ত ব্যক্তিবর্গ ব্যতীত বিবাহ পড়ানোয় সম্পৃক্ত ব্যক্তিবর্গকে সচেতন বা মনিটর না করা
- এফিডেভিট ও কোর্ট ম্যারেজের বিষয়ে ভুল ধারণা
- বিবাহকে সকল সমস্যার একমাত্র সমাধান মনে করা
- আইনের দুর্বল প্রয়োগ

# বিবাহ প্রক্রিয়া

বর-কনে
পাত্রপাত্রী
বন্ধু বান্ধবী
প্রেমিক
প্রেমিকা

→

- যারা বিবাহ পড়ান এবং নিবন্ধন করেন
- মসজিদের ইমাম, মোয়াজ্জেন, মৌলভি, নিকাহ রেজিস্ট্রার পুরোহিত,ঠাকুর, চার্চের ফাদার ,
- ভান্তে ,ভিক্ষু ,ওঝা গুরু

→

স্বামী-স্ত্রী/
দম্পতি

# বিবাহ সম্পর্কিত স্টেকহোল্ডার ক্লাস্টার

পাত্রপাত্রী

অভিভাবক

স্থানীয় ব্যক্তিবর্গ / স্বজন / অন্যান্য

যারা বিবাহ পড়ান এবং নিবন্ধন করেন

**সহজ টার্গেট**

মোট ৭২ হাজার


রাজশাহী ২৬৯৮

**কঠিন টার্গেট**

মোট সংখ্যা প্রায় ৩ কোটি এবং প্রতিবছর সংখ্যা ৪০ লক্ষ +/- থাকবে

# বিভাগ ভিত্তিক বিবাহ সম্পাদনকারী

| ক্রমিক | বিভাগ | বিবাহ সম্পাদনকারী |
|---|---|---|
| ১ | ঢাকা | ৯১০৩ |
| ২ | ময়মনসিংহ | ৩৭৮০ |
| ৩ | চট্টগ্রাম | ১৩৯২৩ |
| ৪ | সিলেট | ৩৭৮০ |
| ৫ | রাজশাহী | ১৩৫০০ |
| ৬ | খুলনা | ৪৭১৬ |
| ৭ | বরিশাল | ১৫৯২ |
| ৮ | রংপুর | ১৫৫৬৩ |
| | মোট | ৬৪৭৬৪ |



Putting Citizens First

# সুতরাংইন্টারভেনশন কোথায় সহজ এবং অপেক্ষকৃত বেশি জরুরি ?

ট্রেডিশোনাল এপ্রোচ












অপেক্ষাকৃত দুর্বল স্টেকহোল্ডার এবং প্রধানত ভিকটিম

VS

বাধ্যতামুলক স্টেকহোল্ডার

জিআইইউ এপ্রোচ



- আমি বাল্যবিবাহ  পড়াইনা
- আমি বাল্যবিবাহ  নিবন্ধন করিনা
- আমি বাল্যবিবাহ পড়ানো ও নিবন্ধনে সহযোগিতা করিনা



# বয়সের বিভাজন অনুযায়ী রাজশাহী জেলায় ২০১৫ সালের বিবাহের তথ্য

| <১৫ | % | ১৫–১৭ | % | ১৮+ | % | মোট |
|---|---|---|---|---|---|---|
| ৩৭৯৫ | ৪ | ১৭৩২৫ | ১৭.৫ | ৭৭৭১৫ | ৭৮.৫ | ৯৮৮৩৫ |

# চাঁপাই নবাবগঞ্জ জেলার বিবাহ সম্পর্কিত তথ্য

| ২০১৩ | | ২০১৪ | | ২০১৫ | | ২০১৬ | বিবাহ পড়ান এমন ব্যক্তি | জন সংখ্যা |
|---|---|---|---|---|---|---|---|---|
| নিবন্ধিত বিবাহ | মোট বিবাহ | নিবন্ধিত বিবাহ | মোট বিবাহ | নিবন্ধিত বিবাহ | মোট বিবাহ | নিবন্ধিত বিবাহ | | |
| ১৬৮৫১ | ৮০৩০১ | ১৬২১২ | ৮৭২৬৪ | ১৫৬৬১ | ৯৮৮৩৫ | ১৫৪১৮ | ২৬৯৮ | |

| নাম | বিবাহ সংখ্যা | | |
|---|---|---|---|
| | ২০১৩ | ২০১৪ | ২০১৫ |
| মোট নিবন্ধিত বিবাহ | ৭৮৯৯৯৫ | ৮৫৮৪৬৪ | ৭২১১৪২ |
| মোট বিবাহ | ১৯১৭৮৫২ | ১৯৪৬৩৭৬ | ২০২০০৯৫ |
| নিবন্ধিত বিবাহের হার | ৪০ | ৪৩ | ৩৫.৫ |

# কয়েকটি বহুল আলোচিত প্রশ্ন

- নোটারি পাবলিক বিবাহ পড়াতে পারেন কি?
- “কোর্ট ম্যারেজ” বলে কোন বৈধ বিবাহ ব্যবস্থা আমাদের দেশে আছে কি ?
- নোটারি পাবলিকের দ্বারা বা তথাকথিত কোর্ট ম্যারেজ করে কোন ছেলে মেয়ে একত্রে বসবাস করতে থাকলে তাদের সামাজিক বা আইনানুগ অবস্থান কি?

# প্রশিক্ষণের বিষয়বস্তু

- পাত্রপাত্রীর বয়স নিশ্চিত হওয়া
- বিবাহ সংক্রান্ত কাগজপত্র সংরক্ষণ
- বিবাহস্থলে গমন
- অজুহাত দিয়ে দায় এড়ানো যাবেনা
- যিনি বিবাহ পড়ান বিবাহ নিবন্ধন প্রক্রিয়ায় তার দায়িত্ব
- আইনানুগভাবে বিবাহ না পড়ানোর শাস্তি

# ডাটাবেজ ভুক্তদের প্রশিক্ষণের বিষয়বস্তু

## পাত্রপাত্রীর বয়স নিশ্চিত হওয়া

- বাংলাদেশে প্রচলিত আইন অনুসারে বর ও কনের বিবাহের ন্যূনতম বয়স যথাক্রমে ২১ ও ১৮ বছর তা বৈধ জন্ম নিবন্ধন সনদ, জাতীয় পরিচয় পত্র, এসএসসি/সমমান , জে এস সি/ সমমান, পি এস সি/সমমান পরীক্ষার সনদ, পাসপোর্ট যাচাই করে নিশ্চিত হওয়া;
- বয়স বা পরিচিতি বিষয়ে সন্দেহ হলে পাত্রপাত্রীদের ব্যক্তিগতভাবে দেখা ;
- অনলাইনে বা প্রয়োজনে ব্যক্তিগতভাবে ইউনিয়ন পরিষদ/ পৌরসভায় গিয়ে জন্মসনদ যাচাই করা;

# বাল্যবিবাহ নিরোধ আইন ২০১৭ এর ধারা ১২ অনুসারে বয়স প্রমাণের দলিল

বিবাহ বন্ধনে আবদ্ধ বা আবদ্ধ হইতে ইচ্ছুক নারী বা পুরুষের বয়স প্রমাণের জন্য জন্ম নিবন্ধন সনদ, জাতীয় পরিচয় পত্র, মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষার সার্টিফিকেট , জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষার সার্টিফিকেট,প্রাইমারি স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষার সার্টিফিকেট অথবা পাসপোর্ট আইনগত দলিল হিসাবে বিবেচিত হইবে।

# বিবাহ সংক্রান্ত কাগজপত্র সংরক্ষণ

- পাত্রপাত্রীদের ছবিসহ যে সকল কাগজ পত্রের ভিত্তিতে বিবাহ পড়ান –তার কপি নিজ দায়িত্বে সংরক্ষণ করা;
- মোবাইল ফোনে কাগজপত্রের ছবি তুলে রাখা ।

# বয়স নিশ্চিত না হয়ে বিবাহস্থলে যাবেন না

- কাগজপত্র যাচাইয়ের দ্বারা পূর্বেই বয়স নিশ্চিত হয়ে বিবাহ পড়াতে রাজী হওয়া
- পক্ষগণকে বিবাহ নিবন্ধকের কার্যালয়ে আসতে উৎসাহিত করা
- পাত্র বা পাত্রী যে কোন একজনের বয়স নির্ধারিত বয়সের চেয়ে কম হলে স্থানীয় কর্মকর্তাদের জানানো

# ডাটাবেজভুক্তদের প্রশিক্ষণের বিষয়বস্তু

## অজুহাতের দায়

- বিবাহ স্থলে উপস্থিত হয়ে পক্ষগণের বা প্রভাবশালীদের চাপে কমবয়সী পাত্রপাত্রীদের বিবাহ পড়াতে বাধ্য হয়েছেন –এ ধরণের সাজানো অজুহাত পরিহার করা; এ ধরণের ক্ষেত্রে যিনি বিবাহ পড়ায়েছেন বা পড়াবেন সে বা তিনি দায় এড়াতে পারবেননা তা স্পষ্টভাবে জানিয়ে দেওয়া ;
- নোটারি পাবলিকের এফিডেভিটের ভিত্তিতে বিবাহ পড়ানো ও নিবন্ধন না করা;
- যে বিবাহ নিবন্ধকের এলাকায় বিবাহ পড়াবেন, সম্ভব হলে তার উপস্থিতিতে বিবাহ পড়ানো ;
- পাত্রপাত্রীর বয়স ও সংশ্লিষ্ট ধর্মীয় বিধানের বাইরে অন্য কোন বিষয় যিনি বিবাহ পড়ান তার বিবেচনার সুযোগ নেই তা স্পষ্টভাবে জানিয়ে দেওয়া ।

# ডাটাবেজভুক্তদের প্রশিক্ষণের বিষয়বস্তু

## বিবাহ নিবন্ধনে দায়িত্ব

বিবাহ সম্পাদকের দায়িত্ব- কোন কারণে বিবাহ নিবন্ধকের অনুপস্থিতিতে কেউ বিবাহ পড়ালে তার দায়িত্ব হচ্ছে বিবাহ পড়ানোর ১৫ দিনের মধ্যে নিবন্ধককে অবহিত করা এবং বর-কনেসহ যে সকল ব্যক্তির বিবাহ নিবন্ধনের জন্য রেজিস্টারে স্বাক্ষর প্রয়োজন তাদেরসহ বিবাহ নিবন্ধকের নিকট উপস্থিত হয়ে নিবন্ধন সম্পন্ন করা -মুসলিম বিবাহ ও তালাক বিধিমালা২০০৯ এর ২২(৩) বিধি

# ডাটাবেজভুক্তদের প্রশিক্ষণের বিষয়বস্তু

## আইনানুগভাবে বিবাহ না পড়ানোর শাস্তি

- বাল্যবিবাহ সম্পাদন বা পরিচালনার শাস্তি অনধিক ২ বৎসর ও অন্যূন ৬ মাস কারাদণ্ড বা অনধিক ৫০ হাজার টাকা অর্থদণ্ড এবং অর্থদণ্ড অনাদায়ে ৩ মাস কারাদণ্ড। (ধারা ৯ বাল্যবিবাহ নিরোধ আইন ২০১৭)
- বিবাহ নিবন্ধকব্যতীত অন্য কেহ বিবাহ পড়ালে এবং নির্ধারিত ৩০ দিনের মধ্যে বিবাহ নিবন্ধককে অবহিত করতে ব্যর্থ হলে অথবা ১৯৭৪ সালের মুসলিম বিবাহ ও তালাক নিবন্ধন আইনের ৫ধারার কোন বিধান লঙ্ঘন করলে তাকে অনূর্ধ্ব ২ বছরের বিনাশ্রম কারাদণ্ড অথবা ৩০০০ টাকা জরিমানার শাস্তি প্রদান করা যাবে।

# বাল্যবিবাহ করার শাস্তি বৃদ্ধি (ধারা-৭)

৭। বাল্যবিবাহ করিবার শাস্তি।—(১) প্রাপ্ত বয়স্ক কোন নারী বা পুরুষ বাল্যবিবাহ করিলে উহা হইবে একটি অপরাধ এবং তজ্জন্য তিনি অনধিক ২ (দুই) বৎসর কারাদণ্ড বা অনধিক ১ (এক) লক্ষ টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ডে দণ্ডনীয় হইবেন এবং অর্থদণ্ড অনাদায়ে অনধিক ৩ (তিন) মাস কারাদণ্ডে দণ্ডনীয় হইবেন।

(২) অপ্রাপ্ত বয়স্ক কোন নারী বা পুরুষ বাল্যবিবাহ করিলে তিনি অনধিক ১ (এক) মাসের আটকাদেশ বা অনধিক ৫০,০০০ (পঞ্চাশ) হাজার টাকা জরিমানা বা উভয় ধরনের শাস্তিযোগ্য হইবেন :

তবে শর্ত থাকে যে, ধারা ৮ এর অধীন কোন ব্যক্তির বিরুদ্ধে মামলা দায়ের বা দণ্ড প্রদান করা হইলে উক্তরূপ অপ্রাপ্ত বয়স্ক নারী বা পুরুষকে শাস্তি প্রদান করা যাইবে না।

(৩) উপ-ধারা (২) এর অধীন বিচার ও শাস্তি প্রদানের ক্ষেত্রে শিশু আইন, ২০১৩ (২০১৩ সনের ২৪ নং আইন) এর বিধানাবলী প্রযোজ্য হইবে।

# বাল্যবিবাহ সংশ্লিষ্ট পিতা-মাতাসহ অন্যান্য ব্যক্তির শাস্তি বৃদ্ধি (ধারা-৮)



৮। বাল্যবিবাহ সংশ্লিষ্ট পিতা-মাতাসহ অন্যান্য ব্যক্তির শাস্তি।—পিতা-মাতা, অভিভাবক অথবা অন্য কোন ব্যক্তি, আইনগতভাবে বা আইনবহির্ভূতভাবে কোন অপ্রাপ্ত বয়স্ক ব্যক্তির উপর কর্তৃত্ব সম্পন্ন হইয়া বাল্যবিবাহ সম্পন্ন করিবার ক্ষেত্রে কোন কাজ করিলে অথবা করিবার অনুমতি বা নির্দেশ প্রদান করিলে অথবা স্বীয় অবহেলার কারণে বিবাহটি বন্ধ করিতে ব্যর্থ হইলে উহা হইবে একটি অপরাধ এবং তজ্জন্য তিনি অনধিক ২ (দুই) বৎসর ও অন্যূন ৬ (ছয়) মাস কারাদণ্ড বা অনধিক ৫০ (পঞ্চাশ) হাজার টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ডে দণ্ডনীয় হইবেন এবং অর্থদণ্ড অনাদায়ে অনধিক ৩ (তিন) মাস কারাদণ্ডে দণ্ডনীয় হইবেন।

# বাল্যবিবাহ নিবন্ধনের জন্য বিবাহ নিবন্ধকের শাস্তি ও লাইসেন্স বাতিলের বিধান (ধারা ১১)

১১। বাল্যবিবাহ নিবন্ধনের জন্য বিবাহ নিবন্ধকের শাস্তি, লাইসেন্স বাতিল।—কোন বিবাহ নিবন্ধক বাল্যবিবাহ নিবন্ধন করিলে উহা হইবে একটি অপরাধ এবং তজ্জন্য তিনি অনধিক ২ (দুই) বৎসর ও অন্যূন ৬ (ছয়) মাস কারাদণ্ড বা অনধিক ৫০ (পঞ্চাশ) হাজার টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ডে দণ্ডনীয় হইবেন এবং অর্থদণ্ড অনাদায়ে অনধিক ৩ (তিন) মাস কারাদণ্ডে দণ্ডনীয় হইবেন এবং তাহার লাইসেন্স বা নিয়োগ বাতিল হইবে।

ব্যাখ্যা : এই ধারার উদ্দেশ্য পূরণকল্পে, "বিবাহ নিবন্ধক" অর্থ Muslim Marriages and Divorces (Registration) Act, 1974 (Act No. LII of 1974) এর অধীন লাইসেন্সপ্রাপ্ত নিকাহ্ রেজিষ্ট্রার এবং Christian Marriage Act, 1872 (Act No. XV of 1872), Special Marriage Act, 1872 (Act No. III of 1872) ও হিন্দু বিবাহ নিবন্ধন আইন, ২০১২ (২০১২ সনের ৪০নং আইন) এর অধীন নিয়োগপ্রাপ্ত বিবাহ নিবন্ধক।

# ডাটাবেজভুক্তদের কার্যক্রম মনিটরিং

- **জেলা ,উপজেলা এবং ইউনিয়ন নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটির সভায় বিবাহ অনুষ্ঠান ও নিবন্ধনসংক্রান্ত তথ্যাদি পর্যালোচনা করা;**
- জেলা/উপজেলা থেকে তালিকাভুক্তদের এস এম এস দেওয়া;
- তালিকাভুক্তদেরকে উদ্বুদ্ধ করে বাল্যবিবাহ অনুষ্ঠানের পূর্বেই উপজেলায় সংবাদ প্রাপ্তি নিশ্চিত করা;
- ট্যাগ অফিসার , বিবাহ সম্পাদনকারী ও বিবাহ নিবন্ধকদের মধ্যে নিবিড় সংযোগ স্থাপন;
- বাল্যবিবাহ প্রতিরোধে কর্মরত বেসরকারি সংস্থাগুলোকে সম্পৃক্ত করে তথ্য সংগ্রহ করা;

# বাল্যবিবাহ নিরসনে জি আই ইউ কৌশল

## জাতীয় পর্যায়

সরকারের মন্ত্রণালয় বিভাগ, অধিদপ্তর /সংস্থা

## মাঠ পর্যায়

জেলা-উপজেলা প্রশাসন ও মাঠ পর্যায়ে কর্মরত অধস্তন অফিসসমূহ

## অন্যান্য পর্যায়

আন্তর্জাতিক সংস্থা / প্রিন্ট এন্ড ইলেকট্রনিকস মিডিয়া , স্বেচ্ছাসেবী মহিলা সংগঠন, নাগরিক সমাজ এবং এন জি ও ।

# বাল্যবিবাহ নিরোধ বিষয়ক কর্মকান্ড-১

বাল্যবিবাহ নিরোধে উদ্ভাবনী উপায় উদ্ভাবন:
বিবাহ পড়ানো এবং নিবন্ধনে সম্পৃক্তদের সচেতনকরণ, দক্ষতা বৃদ্ধি, উদবুদ্ধকরণ ও নিবিড় তদারকির মাধ্যমে আইনানুগভাবে বিবাহ অনুষ্ঠান নিশ্চিতকরণ

উদ্ভাবন বাস্তবায়ন বিষয়ে জাতীয় থেকে মাঠ পর্যায়ের স্বল্প ,মধ্য ও দীর্ঘ মেয়াদের কৌশল প্রণয়ন ও বাস্তবায়ন পদক্ষেপ গ্রহণ

৬৫ হাজার বিবাহ সম্পাদনকারীর ডাটাবেজ প্রস্তুতকরণ

তালিকাভুক্তদের প্রশিক্ষণের কনটেন্ট তৈরি ও বিতরণ

নোটারি পাবলিক বিবাহ পড়াতে পারেননা তা সকলকে জানানো

কোর্ট ম্যারেজ বলে কিছু নেই তা প্রচার করা

২৫৪২ জন বিবাহ নিবন্ধকের কার্যালয় ইউনিয়ন পরিষদে স্থানান্তর

# বাল্যবিবাহ নিরোধ বিষয়ক কর্মকান্ড -২

শিক্ষক কর্মচারীদের বিবাহ পড়াতে নিরুৎসাহিত করে শিক্ষা মন্ত্রণালয় ও প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় থেকে পত্র প্রদান

জেলা ও উপজেলা প্রশাসনের জন্য নমুনা কর্মপরিকল্পনা প্রণয়ন

২০১৩-২০১৬ মেয়াদে ৩৮৬৮৪টি বাল্যবিবাহ প্রতিরোধ

বিভিন্ন পর্যায়ে  ৪০ হাজার স্টেক হোল্ডারগণকে প্রশিক্ষণ প্রদান

বাল্যবিবাহ নিরোধে গবেষণা কার্যক্রম পরিচালনা

বাল্যবিবাহ মুক্ত ঘোষণার চেক লিষ্ট প্রণয়ন

# বাল্যবিবাহ নিরোধ বিষয়ক কর্মকান্ড -৩

বিবাহ নিবন্ধকগণকে অধিক্ষেত্রের মধ্যে বিবাহ পড়ান ও নিবন্ধন সীমাবদ্ধ রাখতে হবে।

জেলা ও উপজেলা নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটিতে জেলা রেজিস্ট্রার ও সাব রেজিস্ট্রারকে অন্তর্ভুক্তি

ভুয়া নিবন্ধনবহি ব্যবহার বন্ধ করা

বিবাহ সংশ্লিষ্ট কাগজপত্র যিনি বিবাহ পড়াবেন তার জিম্মায় রাখা

# আমাদের প্রাপ্তি

- কানাডিয়ান হাইকমিশন পদক ( .....................।।

# সাফল্য

২০১১ সালের ৬৬% এর স্থলে ২০১৫ সালে বাল্য বিবাহের হার ৫২% এবং২০১৬তে ৩৫% নামিয়ে আনা

বাল্যবিবাহের উচ্চহারের দিকে বিশ্বে বাংলাদেশের অবস্থান ২০১৩তে ৫ম থেকে ২০১৫ তে ৮মে নেমে এসেছে

১৫ বছরের নীচে বিবাহের হার ২০১১ তে ২৯ এর স্থলে ২০১৬ তে ৭% নেমে এসেছে

Putting Citizens First

# করণীয় . . . বাল্যবিবাহ নিরোধ কর্মপরিকল্পনা (নমুনা)

**ভিশনঃ** ------ সালের মধ্যে বাল্যবিবাহ মুক্ত উপজেলা/ জেলা

**মিশনঃ**

অনিবন্ধিত বিবাহ সম্পাদনকারিগণসহ সংশ্লিষ্ট ব্যক্তি প্রতিষ্ঠানের মাধ্যমে সকল চলমান বিবাহকে নিবন্ধনের আওতায় নিয়ে এসে মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি অনুযায়ী (১)২০২১ সালের মধ্যে ১৫ বছরের নিচের বিয়ের হার শূন্যে এবং (২)১৫-১৮ বছর বয়সীদের বিবাহের হার এক তৃতীয়াংশে (১/৩ ) নামিয়ে আনা।

**উদ্দেশ্যঃ**

- **বিবাহ সম্পন্নকারী** ও বাল্যবিবাহ বন্ধে দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিদের **দক্ষতা বৃদ্ধি,**
- **চলমান বিবাহ নিবন্ধনের হারবৃদ্ধি,**
- **বাল্যবিবাহ প্রতিরোধে মনিটরিং এন্ড ইভালুয়েশন ব্যবস্থা জোরদারকরণ,**
- **বাল্যবিবাহ প্রতিরোধে জনসচেতনা বৃদ্ধি, এবং**
- **বাল্য বিবাহ নিরোধ আইন বিধি বিধান প্রয়োগজোরদারকরণ** ।

| ফলাফল | সূচক | বাল্যবিবাহের বর্তমান হার | ২০১৬ | | ২০১৭ | | ২০১৮ | ২০১৯ | ২০২০ | ২০২১ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | ২০১৫ | লক্ষ্যমাত্রা | অর্জন | লক্ষ্যমা ত্রা | অর্জন | | | | |
| বাল্যবিবা হ হ্রাস | বাল্যবিবাহের হার | ক.১৫ বছরের নিচে...১৮% | | | | | | | | |
| | | খ.১৮ বছরের নিচে...৫২% | | | | | | | | |

| উদ্দেশ্য | কার্যক্রম | কর্ম সম্পাদন সুচক | একক | | ২ ০১৭ | | ২০১৮ | ২০১৯ | ২০২০ | ২০২১ | বাস্তবায়ন |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ২০১ ৬ | লক্ষ্য মাত্রা | অর্জন | | | | | |
| ১। বিবাহ সম্পন্নকারী ও বাল্যবিবাহ বন্ধে দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিদের দক্ষতা বৃদ্ধি | ১। অনিবন্ধিত বিবাহ সম্পাদন কারি ব্যক্তিবর্গের ডাটাবেজ তৈরী | তৈরী কৃত ডাটাবেজ | বিবাহ সম্পাদন কারিদের সংখ্যা | | | | | | | | |
| | ২। ডাটাবেজ হালনাগাদকরণ | হালনাগাদকৃত ডাটাবেজ | সংখ্যা | | | | | | | | |
| | | | % | | | | | | | | |
| | ৩। ডাটাবেজ ভুক্তদের তথ্য ওয়েবসাইটে প্রদান | ওয়েব সাইটে প্রদত্ত | তারিখ | | | | | | | | |
| | ৪। ঘটকদের তালিকা প্রস্তুতকরণ | তালিকা তৈরিকৃত | সংখ্যা | | | | | | | | |
| | ৫। অনিবন্ধিত বিবাহ সম্পাদনকারী , বিবাহ নিবন্ধক ও ঘটকদেরকে সংক্ষিপ্ত প্রশিক্ষণ প্রদান | প্রশিক্ষিত বিবাহ সম্পাদন কারি, ঘটক ও নিবন্ধক | সংখ্যা | | | | | | | | |
| | | | % | | | | | | | | |
| | ৬। অনিবন্ধিত বিবাহ সম্পাদনকারী , বিবাহ নিবন্ধক ও ঘটকদের রিফ্রেশারস প্রশিক্ষণ | প্রশিক্ষিত বিবাহ সম্পাদন কারি, ঘটক ও নিবন্ধক | সংখ্যা | | | | | | | | |

| উদ্দেশ্য | কার্যক্রম | কর্ম সম্পাদন সূচক | একক | | ২ ০১৭ | | ২০১৮ | ২০১৯ | ২০২০ | ২০২১ | বাস্তবায়ন |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ২০১৬ | লক্ষ্য মাত্রা | অর্জন | | | | | |
| ১। বিবাহ সম্পন্নকারী ও বাল্যবিবাহ বন্ধে দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিদের দক্ষতা বৃদ্ধি | ৭। বাল্যবিবাহ বন্ধে দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিদের প্রশিক্ষণ | প্রশিক্ষিত কর্মকর্তা ও জন প্রতিনিধি | সংখ্যা | | | | | | | | |
| | | | % | | | | | | | | |

| উদ্দেশ্য | কার্যক্রম | কর্ম সম্পাদন সুচক | একক | লক্ষ্যমাত্রা | | | | | | বাস্তবায়ন |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ২০১৬ | ২০১৭ | ২০১৮ | ২০১৯ | ২০২০ | ২০২১ | |
| | | | % | | | | | | | |
| চলমান বিবাহ নিবন্ধনের হারবৃদ্ধি, | ১। অনিবন্ধিত বিবাহ সম্পাদনকারীগণকে বাল্য বিবাহ সম্পাদন করা থেকে বিরত রাখা | বাল্য বিবাহ পড়ান থেকে বিরত থাকা | % | | | | | | | |
| | ২। অনিবন্ধিত বিবাহ সম্পাদনকারীকে দিয়েই বিবাহ নিবন্ধনের জন্য পাত্র পাত্রীকে বিবাহ নিবন্ধকের নিকট প্রেরণ | বিবাহ নিবন্ধনের জন্য প্রেরিতপাত্র পাত্রী | হার | | | | | | | |
| | ৩। অনিবন্ধিত বিবাহ সম্পাদনকারী ও বিবাহ নিবন্ধকের উপস্থিতিতে বিবাহ সম্পন্ন করা | সম্পন্ন কৃত বিবাহ | হার | | | | | | | |
| | ৪।মাঠ পর্যায়ের কর্মকর্তা /কর্মচারীদের বাল্য বিবাহ পড়ান থেকে বিরত রাখা | বিরত কর্মকর্তা/কর্মচারী | % | | | | | | | |
| | ৫।ইসলামিক ফাওন্ডেশনের তালিকাভুক্ত মসজিদের ইমাম ,মোয়াজ্জেন এবং মসজিদ ভিত্তিক প্রাক প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের বাল্য বিবাহ পড়ান থেকে বিরত রাখা | বিরত ইমাম ,মোয়া জ্জেন ,শিক্ষক | % | | | | | | | |
| | ৬।ইসলামিক ফাওন্ডেশনের তালিকাভুক্ত নয় এমন মসজিদের ইমাম ,মোয়াজ্জেনদেরকে বাল্য বিবাহ পড়ান থেকে বিরত রাখা | বিরত ইমাম ,মোয়া জ্জেন | % | | | | | | | |

| উদ্দেশ্য | কার্যক্রম | কর্ম সম্পাদন সুচক | একক | লক্ষ্যমাত্রা | | | | | | বাস্তবায়ন |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ২০১৬ | ২০১৭ | ২০১৮ | ২০১৯ | ২০২০ | ২০২১ | |
| | | | % | | | | | | | |
| চলমান বিবাহ নিবন্ধনের হারবৃদ্ধি, | ৭। প্রাথমিক বিদ্যালয় , এবতেদায়ী এবং সমমানের মাদ্রাসা শিক্ষক/ কর্মচারীদের বাল্যবিবাহ পড়ানো থেকে বিরত রাখা | বিরত শিক্ষক /কর্মচারী | % | | | | | | | |
| | ৮। মাধ্যমিক বিদ্যালয়, কলেজ এবং সমমানের মাদ্রাসা শিক্ষক/ কর্মচারীদের বাল্যবিবাহ পড়ানো থেকে বিরত রাখা | বিরত শিক্ষক /কর্মচারী | % | | | | | | | |
| | ৯।কওমি মাদ্রাসার শিক্ষক/ ছাত্রদের বাল্য বিবাহ পড়ান থেকে বিরত রাখা | বিরত শিক্ষক / ছাত্র | % | | | | | | | |
| | ১০। বিবাহ নিবন্ধককে দিয়ে সকল বিবাহ নিবন্ধন করানো | নিবন্ধিত বিয়ে | হার | | | | | | | |
| | ১১। বিবাহ নিবন্ধকের কার্যালয় ইউনিয়ন পরিষদে স্থাপন/স্থানান্তর | ইউনিয়ন পরিষদে স্থানান্তরিত বিবাহ নিবন্ধকের কার্যালয় | সংখ্যা | | | | | | | |

# ৩।বাল্যবিবাহ প্রতিরোধে মনিটরিং এন্ড ইভালুয়েশন ব্যবস্থা জোরদারকরণ

- নিবন্ধিত বিবাহ নিবন্ধকদের কার্যালয় পরিদর্শন
- জেলা নিবন্ধকের দ্বারা বিবাহ সংক্রান্ত তথ্যাদি মাসিক নিয়মিত সংগ্রহ
- ইউনিয়ন ভিত্তিক ট্যাগ অফিসার নিয়োগ
- জেলা প্রশাসক কর্তৃক বিবাহ নিবন্ধক,সম্পাদক ও ঘটকদের এস এম এস প্রদান
- জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা কর্তৃক বিবাহ নিবন্ধক,সম্পাদক ও ঘটকদের এস এম এস প্রদান
- জেলা পর্যায়ের কর্মকর্তা কর্তৃক বিবাহ নিবন্ধকদের কার্যালয় দর্শন
- ইউনিয়ন নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটির সভা অনুষ্ঠান
- উপজেলা নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটির সভা অনুষ্ঠান
- জেলা নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটির সভা অনুষ্ঠান

# ৩।বাল্যবিবাহ প্রতিরোধে মনিটরিং এন্ড ইভালুয়েশন ব্যবস্থা জোরদারকরণ

- মাসিক সভায় বাল্যবিবাহ নিরোধ কার্যক্রম পর্যালোচনা করা
- বিভিন্ন পর্যায়ে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন করা
- ওয়ারকশপ/ সেমিনারের সুপারিশ বাস্তবায়ন করা
- প্রিন্ট ও ইলেক্ট্রনিক্স মিডিয়ায় প্রকাশিত বাল্যবিবাহ সম্পর্কিত সংবাদ বিষয়ে ব্যবস্থা গ্রহণ
- কর্ম পরিকল্পনা ওয়েবসাইটে প্রদান

# ৪। বাল্যবিবাহ প্রতিরোধে জনসচেতনতা বৃদ্ধি

- কমিউনিটি ক্লিনিকের মাধ্যমে বাল্যবিবাহের শারীরিক সমস্যা সম্পর্কে পরামর্শ প্রদান করা
- সমাবেশের আয়োজন করে নিবন্ধিত বিবাহের সুবিধা সকলকে জানানো
- সিভিল সার্জন/ উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা কর্তৃক বাল্যবিবাহের শারীরিক সমস্যা বিষয়ে কিশোর /কিশোরী দের কাউন্সিলিং করা
- মহিলা বিষয়ক কর্মকর্তা সহায়তায় বিবাহ সম্পাদনকারীদের (ইমাম,পুরোহিত, মৌলভিদের) উদবুদ্ধকরণ সভার আয়োজন
- এন জি ও /ইউনিসেফের সহায়তায় উদ্বুদ্ধকরণ সভা
- নোটারি পাবলিক এবং জনপ্রতিনিধিদের স্ব স্ব দায়িত্ব সম্পর্কে সচেতন করা

# ৪। বাল্যবিবাহ প্রতিরোধে জনসচেতনতা  বৃদ্ধি

- নিয়মানুগভাবে বিবাহ পড়ান ও নিবন্ধনে নিয়োজিতদের সোশাল মিডিয়ার মাধ্যমে উৎসাহ দান
- বাল্যবিবাহ পড়ান ও নিবন্ধনে সম্পৃক্তদের ছবি সহ পরিচিতি সোশাল মিডিয়ায় প্রকাশ
- মাধ্যমিক বিদ্যালয়ে  কিশোরী ক্লাব গঠন
- প্রকৃত অসহায় পরিবার সমাজসেবা/যুব উন্নয়ন/মহিলা বিষয়ক অধিদপ্তরের  দ্বারা স্বাবলম্বী করা
- বেসরকারি সংস্থার সহায়তায়  দক্ষতা বৃদ্ধিও আয়বরধক কাজে সম্পৃক্ত করা
- মসজিদে খুতবার পূর্বে বাল্য বিবাহের কুফল বর্ণনা  করা
- বিবাহ সম্পাদনকারীগণকে পাত্রপাত্রীর বয়স  নিশ্চিতের জন্য কাগজ পত্র যাচাই ও সংরক্ষণে বাধ্য করা
- নৃ-গোষ্ঠীর মধ্যে নিবন্ধিত বিবাহের সুফল প্রচার

# ৫। বাল্যবিবাহ নিরোধে আইন বিধি বিধান প্রয়োগ জোরদারকরণ

- বাল্যবিবাহ বন্ধ করা
- দায়িত্বপ্রাপ্তদের দিয়ে মামলা করান
- মোবাইল কোর্ট পরিচালনা
- পুলিশ বিভাগের নিয়মিত অপারেশন অব্যাহত রাখা
- ভুয়া ও একাধিক জন্মসনদ প্রদর্শনকারীদের বিরুদ্ধে মামলা দায়ের
- বিবাহ সম্পাদনকারী ও নিবন্ধকদের অনিয়ম হলে আইন প্রয়োগ
- অননুমোদিতভাবে কাবিননামা রেজিস্টার / রেজিস্টার সদৃশ বই ও কাবিননামার খোলা পাতা অবৈধ মজুদ ও ব্যবহারের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ
- যৌন নির্যাতন বন্ধে ব্যবস্থা গ্রহণ

# বাল্যবিবাহ মুক্ত ঘোষণা

- বাল্যবিবাহ মুক্ত ঘোষণার পূর্ববর্তী তিন বছরের বিবাহ নিবন্ধনের তথ্য পর্যালোচনা
- হাসপাতাল/ ক্লিনিকে এ সময়ে ১৯ বছরের কম বয়সী সন্তান প্রসবকারী মায়েদের তথ্য পর্যালোচনা
- জেলা/ উপজেলার শিক্ষা প্রতিষ্ঠানসমূহের পঞ্চম থেকে দ্বাদশ ও সমমানের শিক্ষার্থীদের বিবাহ সম্পর্কিত তথ্য পর্যালোচনা
- সৌখিন বিবাহ পড়ান এমন ব্যক্তিদের তথ্য পর্যালোচনা
- প্রতি উপজেলা থেকে কমপক্ষে একটি ইউনিয়ন জরিপ করে ঘোষণা পূর্ববর্তী ১ বছরে কোন বাল্যবিবাহ হয়নি সে মর্মে নিশ্চিত হওয়া

# বাল্যবিবাহ নিরসনের চ্যালেঞ্জস

- মুসলিম (বিবাহ ও তালাক নিবন্ধন ) আইন ,১৯৭৪ এবং বাল্যবিবাহ নিরোধ আইন, ২০১৭ এর প্রয়োগ নিশ্চিতকরণ
- প্রক্রিয়াধর্মী থেকে ফলাফল ধর্মীতে আনায়ন
- বাল্যবিবাহ জিইয়ে রাখার অপচেষ্টা নিরসন
- নীতি নির্ধারণী পর্যায় কর্তৃক যথাযথ গুরুত্ব আরোপ করানো
- মাঠপর্যায়ের সক্ষমতা বৃদ্ধি ও সক্ষমতার কার্যকর প্রয়োগ ঘটানো

# Our Dream Trajectory

মধ্যম আয়ের দেশ




**VISION 2021**

উন্নয়ন জংশন



**SDGs 2030**

সোনার বাংলা




**2041 DEVELOPED COUNTRY**




DEPENDS on our ability to translate the vision

**2071 : 100 YEARS of INDEPENDENCE**

নিরাপদ বদ্বীপ




**2100 DELTA PLAN**